# জে এস সি পরীক্ষা - ২০১৮ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা বিষয় কোড: ১ ০ ১

### সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ]

[বি:দ্র: গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। ১০×৪=৪০

### ক অংশ — গদ্য

১. ▶ স্বপন বনের ধারে সবুজ ঘাসে সকালে গরুটি বেঁধে এসে বিকেলে আনতে গিয়ে আর বাড়ি ফিরে আসে না। সন্ধ্যায় বনের ভিতরে তার মৃত দেহটি পাওয়া যায়। গ্রামের সবাই বলল ভূতে স্বপনকে মেরেছে। তারা স্বপনের মৃতদেহটি ধরতেও ভয় পেল। ডাক্তারি পরীক্ষায় দেখা যায় সাপের কামড়ে তার মৃত্যু হয়েছে।

ক. 'তৈলচিত্রের ভূত' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১

খ. দাদা মশায়ের আমলের লাইব্রেরির কেমন অবস্থা বর্ণনা করা হয়েছে? ২

গ. উদ্দীপকের গ্রামবাসীর মধ্যে 'তৈলচিত্রের ভূত' গল্পের নগেনের চরিত্রের যে— দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের কুসংস্কার ও স্বপনের মৃত্যু এবং 'তৈলচিত্রের ভূত গল্পটি যেন একই সূত্রে গাঁথা— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

২. ★ বউদের আজ নাই কোন কাজ, বেড়াই বাঁধিয়া রশি
সমুদ্রকলি শিকা বানাইয়া দেখিছে নিরবে বসি।
কেউবা রঙিন কাঁথায় মেলিয়া বুকের স্বপ্নখানি
তারে ভাষা দেয় দীঘল সুতার মায়াবী আখর টানি।

ক. ঢাকাই মসলিন কাদের বিলাসের বস্তু ছিল? ১

খ. প্রতীক ধর্মী পুতুল বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকটি 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের কোন কোন শিল্পের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের সামগ্রিক প্রতিচ্ছবি নয়— যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৩. ★ করিমের বেতন তেমন কিছু নয়। নিজের শ্রমের টাকায় যেদিন খাদ্য কিনতে পারে সেদিন খায়, যেদিন পারেনা সেদিন খেয়ে থাকে। তবুও সে নিজেকে সুখী মনে করে। কারণ সে বিশ্বাস করে, সম্পদের মধ্যে সুখ নিহিত থাকে না।

ক. মোড়ল কার মুরগি জোর করে জবাই করে খেয়েছে? ১

খ. 'সবাই অসুখী, কারও সুখ নেই'— 'সুখী মানুষ' নাটিকায় কেন এ কথা বলা হয়েছে? ২

গ. উদ্দীপকের করিম 'সুখী মানুষ' নাটিকার কোন চরিত্রের প্রতিচ্ছবি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের করিমের বিশ্বাসের বিষয়টি 'সুখী মানুষ' নাটিকার আলোকে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

## খ অংশ — কবিতা

৪. ★ ও আমার বাংলা মা তোর আকুল করা রূপের সুধায়
হৃদয় আমার যায় জুড়িয়ে। ফাগুনে তোর কৃষ্ণচূড়া পলাশ বনে কিসের হাসি।
চৈতি রাতে উদাস সুরে রাখাল বাজায় বাঁশের বাঁশি।

ক. 'আবার আসিব ফিরে' কবিতাটির উৎস কোন গ্রন্থ? ১

খ. 'কার্তিকের নবান্নের দেশ' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের সাথে 'আবার আসিব ফিরে' কবিতার যে দিক দিয়ে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. সাদৃশ্য থাকলেও উদ্দীপকটিতে 'আবার আসিব ফিরে' কবিতায় কবির আকাঙ্ক্ষা প্রকাশ পায়নি— মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৪

৫. ▶ গ্রামের ছেলে মেহেদী অনলাইনে সেবা প্রদানের জন্য একটি কম্পিউটারের দোকান দিয়েছে। সেবা পেতে দোকানে মানুষের ভিড় বাড়তে থাকে। ইউনিয়ন পরিষদের মেম্বার কবির মিয়া এ অবস্থা দেখে বলল, 'মেহেদীর কি রাজনৈতিক খায়েশ আছে?' এ কথা শুনে মেহেদী তার কাজ থেকে পিছু হটে যায়।

ক. কামিনী রায়কে কোন স্বর্ণপদকে ভূষিত করা হয়? ১

খ. 'একটি স্নেহের কথা পশমিতে পারে ব্যথা'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. মেহেদীর উদ্যোগে বাধা পাওয়ার কারণ 'পাছে লোকে কিছু বলে' কবিতার আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মেহেদীর মানসিক দৃঢ়তা থাকলেই সে সফল হতো'— 'পাছে লোকে কিছু বলে' কবিতা অবলম্বনে মূল্যায়ন করো। ৪

৬. ★ কৃষিকেন্দ্রিক এ দেশের উন্নয়নে কৃষকের ভূমিকা অনস্বীকার্য। তারা অক্লান্ত পরিশ্রম দ্বারা শস্য উৎপাদন করে আমাদের খাদ্যের চাহিদা পূরণ করছেন। এমন সেবাধর্মী কাজের জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ।

ক. রূপাই এর মুখের মায়া কেমন? ১

খ. কালো যেজন আলো বানায়, ভুলায় সবার মন বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২

গ. কৃষকের প্রতি উদ্দীপকে প্রকাশিত দৃষ্টিভঙ্গির সঙ্গে 'রূপাই' কবিতার দৃষ্টিভঙ্গির তুলনা করো। ৩

ঘ. কৃষকের প্রতি আমাদের সকলের কৃতজ্ঞ থাকা উচিত— উদ্দীপক ও রূপাই কবিতার আলোকে মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

## নির্মিতি অংশ—৩০

৭. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫

ক. ★ সারাংশ লেখ:

https://teachingbd24.com

একজন মানুষ ভালো কি মন্দ আমরা তা বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। সে ভদ্র কি অভদ্র তাও বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। ব্যবহার ভালো হলে লোকে তারে ভালো বলে, তাকে পছন্দ করে। ব্যবহার খারাপ হলে লোকে তারে খারাপ বলে, অপছন্দ করে। তার সঙ্গে মিশতে চায় না কাজ করতে চায় না। তাকে কাছে ডাকতে চায় না। তোমার ব্যবহার দিয়েই তোমার মনুষ্যত্বের পরিচয়।

**খ. ★ সারমর্ম লেখ:**

নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী জন্মভূমি।
গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি।
অবারিত মাঠ, গগন ললাট চুমে তব পদধূলি,
ছায়া সুনিবিড় শান্তির নীড়, ছোট ছোট গ্রামগুলি।
পল্লবঘন আম্রকানন রাখালের খেলাগেহ,
স্তব্ধ অতল দিঘি কালোজর, নিশিথ শীতল স্নেহ।
বুক ভরা মধু বঙ্গের বধূ জল লয়ে যায় ঘরে—
মা বলিতে প্রাণ, করে অনাচার, চোখে আসে জল ভরে।

**৮. ভাবসম্প্রসারণ কর: (যেকোনো একটি)** ৫×১=৫

ক. একতাই বল।

খ. ★ জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা কবে।

**৯. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫×১=৫

ক. মনে কর তুমি সুমন। তোমার ছোট ভাই/বোন সপ্তম শ্রেণিতে পড়ে। 'পরীক্ষায় অসদুপায় অবলম্বন, ব্যক্তি তথা জাতির জন্য হুমকিস্বরূপ' এই মর্মে তার কাছে একটি পত্র লেখো।

খ. ★ মনে কর তোমার বাবা একজন সরকারি চাকরিজীবী। সম্প্রতি তাকে চট্টগ্রাম বদলি করা হয়েছে। এ অবস্থায় তোমাকেও তার সঙ্গে যেতে হবে। এ জন্য তোমার প্রধান শিক্ষকের কাছে ছাড়পত্র চেয়ে একটি আবেদনপত্র লেখো।

**১০. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর:** ১৫×১=১৫

ক. ★ **ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য:** (সংকেত: ভূমিকা, ছাত্রজীবনের লক্ষ্য, কর্তব্য, চরিত্র গঠন, অধ্যবসায়, খেলাধুলা ও ব্যায়াম, উপসংহার।)

খ. ★ শ্রমের মর্যাদা: (সংকেত: ভূমিকা, শ্রম কী, শ্রেণিবিভাগ, প্রয়োজনীয়তা, শ্রমের মর্যাদা, উপসংহার।)

গ. ★ কর্মমুখী শিক্ষা: (সংকেত: সূচনা, কর্মমুখী শিক্ষা কী, প্রকারভেদ, প্রয়োজনীয়তা, শিক্ষার প্রসার, উপসংহার।)

Teachingbd24.com

https://teachingbd24.com

বাংলা

বিষয় কোড: ১ ০ ১

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ মোড়লের সুস্থতার জন্য কে হিমালয় পাহাড় তুলে আনার কথা বলেছিল?
ক কবিরাজ খ লোকটি
গ রহমত ঘ হাসু

২. 'তার উৎসাহই সবচেয়ে বেশি'— 'অতিথির স্মৃতি' গল্পে এ উৎসাহ কার?
ক লেখকের খ মালীর
গ মালিনীর ঘ অতিথির

৩. ★ বাতব্যাধিগ্রস্তদের সন্ধ্যার পূর্বেই ঘরে প্রবেশ করা প্রয়োজন ছিল কেন?
ক অন্ধকারে চলতে অসুবিধা হওয়ায়
খ দ্রুত পদে হাঁটতে না পারায়
গ ক্ষুধা নিবৃত্তির কাজ শেষ হওয়ায়
ঘ বাসস্থান দূরে বলে

৪. ★ বিধুর নির্দেশ মতে গোপন বৈঠকের কারণ হলো—
i. বাক্সটির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া
ii. টাকা ভাগাভাগি করা
iii. বাক্স ফেরত দেওয়ার ব্যবস্থা গ্রহণ
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

৫. বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের সময়কাল কতক্ষণ?
ক ১৪ মিনিট খ ১৬ মিনিট
গ ১৮ মিনিট ঘ ২০ মিনিট

৬. শীতলপাটির জন্য কোন জেলা বিখ্যাত?
ক কুমিল্লা খ খুলনা
গ সিলেট ঘ নোয়াখালী

৭. সম্পদই অশান্তির মূল কারণ— এ কথার ভাবগত সংগতি আছে কোনটির সঙ্গে?
ক অপচয় করোনা অভাবে পড়োনা
খ লাভের ধন পিঁপড়া খায়
গ লোভে পাপ, পাপে মৃত্যু
ঘ অতি লোভে তাঁতি নষ্ট

৮. ★ 'মংডুর পথে' ভ্রমণ কাহিনিতে বাড়ির সামনের কোথায় রঙিন ও সাদা ফুল দেখা যায়?
ক সেন্নায় খ সোনালুতে
গ অর্কিডে ঘ পদাউকে

৯. ★ "ব্রাহ্মণ চণ্ডাল, চামার মুচি; এক জলে হয় সবার সুচি" এ কবিতাংশে সমার্থক পঙ্‌ক্তি কোনটি?
ক গর্তে গেলে কূপজল হয়
খ গঙ্গায় গেলে গঙ্গাজল হয়
গ মূলে একজন, সে যে ভিন্ন নয়
ঘ জলের আরেক নাম জীবন হয়

১০. ★ 'রুপাই যেমন বাপের বেটা কেউ দেখেছ কেন?' মন্তব্যটি নির্দেশ করে—
i. রুপাইয়ের কর্মোদ্যম
ii. রুপাইয়ে রূপ
iii. রুপাইয়ের শক্তিমত্তা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. 'কার্তিকের নবান্নের দেশ' বলতে জীবনানন্দ দাশ কোনটির কথা বলেছেন?
ক নিজ জন্মভূমি খ নদীমাতৃক দেশ
গ ফসলের দেশ ঘ আপ্যায়নের দেশ

১২. বিজলি মেয়ে কেমন করে পিছলে পড়ে?
ক আলোর খেল দেখিয়ে
খ আলোর খেল ছড়িয়ে
গ শস্যের খেল দেখিয়ে
ঘ আলোর খেল এড়িয়ে

১৩. পানিপথ কোথায় অবস্থিত?
ক আগ্রার সন্নিকেটে খ দিল্লীর উত্তর পশ্চিমে
গ দাক্ষিণাত্যে ঘ মুর্শিদাবাদের পশ্চিমে

https://teachingbd24.com

১৪. 'পীড়ন করিলে সে পীড়ন এসে পীড়া দেবে তোমাকেই'— চরণটির সাথে নিচের কোন প্রবাদটি সামঞ্জস্যপূর্ণ?
ক সবুরে মেওয়া ফলে
খ অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট
গ ইটটি মারলে পাটকেলটি খেতে হয়
ঘ ধর্মের কল বাতাসে নড়ে

১৫. রণবীর চৌহান বাবুরের পায়ে লুটিয়ে পড়ে, কারণ—
i. সে তার ভুল বুঝতে পেরেছে
ii. সে ভয় পেয়েছিল
iii. সে সম্রাটের মহত্ত্ব অনুভব করতে পেরেছিল
নিচের কোনটি সঠিক?
ক i　খ i ও ii
গ i ও iii　ঘ i, ii ও iii

১৬. ★ প্রভুর গুণগানে আত্মহারা কে?
ক কবি　খ বায়ু
গ পাখি　ঘ আকাশ

১৭. মাতৃভাষার বিবেচনায় বিশ্বে বাংলা ভাষার স্থান কততম?
ক তৃতীয়　খ চতুর্থ
গ সপ্তম　ঘ অষ্টম

১৮. ★ চলিত ভাষারীতিতে কোন পদ সংক্ষিপ্ত আকারে ব্যবহৃত হয়?
ক ক্রিয়া ও বিশেষ্য পদ
খ সর্বনাম ও ক্রিয়াপদ
গ বিশেষ্য ও সর্বনাম পদ
ঘ বিশেষণ ও অব্যয় পদ

১৯. নিচের কোনটি মৌলিক স্বরধ্বনি?
ক ই　খ ঈ
গ ঐ　ঘ ঔ

২০. তৎসম শব্দে সন্ধি কত প্রকার?
ক দুই প্রকার　খ তিন প্রকার
গ চার প্রকার　ঘ পাঁচ প্রকার

২১. 'ঙ' এর উচ্চারণ স্থানের নাম কী?
ক তালু　খ ওষ্ঠ
গ মূর্ধা　ঘ কণ্ঠ

২২. নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ কোনটি?
ক দিগন্ত　খ গবাক্ষ
গ যথেষ্ঠ　ঘ নদ্যম্বু

২৩. কোন শব্দটি শুধু স্ত্রীবাচক?
ক গিন্নী　খ এয়ো
গ নারী　ঘ বিদুষী

২৪. ★ মনের কোন ভাবের পূর্ণরূপ প্রকাশ পায় কিসে?
ক বাক্যে　খ পদে
গ শব্দে　ঘ ধ্বনিতে

২৫. ★ 'যে পরিশ্রম করে সে সুখ লাভ করে'— আশ্রিত বাক্যটি কোন ধরনের?
ক বিশেষণ স্থানীয়　খ বিশেষ্য স্থানীয়
গ ক্রিয়া বিশেষ্য　ঘ ক্রিয়া বিশেষণ

২৬. ★ কর্তা ক্রিয়ার আগে বসে এর উদাহরণ কোনটি?
ক আলম ডাকছে　খ পাতা খায় ছাগলে
গ গান গায় সুমি রায়　ঘ সঙ্গে যাবে কে

২৭. বাক্যের একক কী?
ক উক্তি　খ বাক্য
গ শব্দ　ঘ বিভক্তি

২৮. ★ আশ্রিত খণ্ডবাক্য কত প্রকার?
ক ৩ প্রকার　খ ৪ প্রকার
গ ৫ প্রকার　ঘ ৬ প্রকার

২৯. নিচের কোনটি নিত্য পুরুষবাচক শব্দ?
ক অকৃতদার　খ শুরু
গ পিতা　ঘ বেয়াই

৩০. কোনটি সাকল্যবাচক সর্বনামের উদাহরণ?
ক অন্য　খ ওরা
গ সমুদয়　ঘ আমরা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | গ | ৭ | গ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com